

কারা অধিদপ্তরের ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা

ক্রমিক নং	উদ্ভাবনের শিরোনাম	বর্তমান অবস্থা	প্রত্যাশিত ফলাফল
০১	মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে বন্দিদের ব্যক্তিগত ক্যাশে টাকা প্রেরণ	বন্দিদের ব্যক্তিগত ক্যাশে টাকা জমা দিতে তাদের স্বজনদের অনেক সময় দীর্ঘক্ষন অপেক্ষা করতে হয়,লাইনে দাঁড়িয়ে থাকতে হয়।এতে সময় ও খরচ দুটোই অনেক বেশি লাগে।	মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে কারাগারে না এসে সুবিধাজনক সময় ও স্থান থেকে বন্দিদের ক্যাশে প্রয়োজনীয় অর্থ প্রেরণ করা সম্ভব হবে।
০২	জামিনের তালিকার ইলেক্ট্রনিক ডিসপ্লে	বন্দির স্বজনদের জামিনপ্রাপ্ত বন্দির তথ্য জানাতে কাগজে লিখিত জামিনের তালিকা ঝুলিয়ে দেয়া হলেও অনেক ক্ষেত্রে তা সহজে দৃষ্টিগোচর হয় না।এছাড়া ঝুলিয়ে দেয়া তালিকাটি আপডেট করা কিছুটা ঝামেলাপূর্ণ এবং অনেকসময় তা করাও হয় না।এতে করে দূর্ভোগ ও বিভ্রান্তির সৃষ্টি হয় ।	জামিনপ্রাপ্ত বন্দিদের তালিকা এলইডি ডিসপ্লেতে প্রদর্শিত হলে তা সহজে সকলের দৃষ্টিগোচর হবে। এক্ষেত্রে তথ্য আপডেট করা সহজ হবে।এতে করে বন্দির স্বজনদের দূর্ভোগ লাঘব হবে ও বিভ্রান্তি দূর হবে।
০৩	প্রিজন হেল্প লাইন	কারাগার ও বন্দি সংক্রান্ত তথ্য সহজে ও দ্রুত যে কোন স্থান থেকে জানার সুনির্দিষ্ট কোন মাধ্যম নেই।	প্রিজন হেল্প লাইনের মাধ্যমে কারাগার ও বন্দি সংক্রান্ত নির্ভুল তথ্য সহজে ও দ্রুত পাওয়া যাবে।
০৪	ইন্টারকমের মাধ্যমে বন্দিদের সাক্ষাত	জনাকীর্ণ সাক্ষাত কক্ষে কোলাহলের কারণে স্বজনদের সাথে বন্দির সাক্ষাতের মূল উদ্দেশ্য ব্যহত হয়।	ইন্টারকমের মাধ্যমে দেখা সাক্ষাত পদ্ধতিতে কোলাহলবিহীন পরিবেশে অর্থবহ সাক্ষাত সম্ভব হবে।
০৫	আল্ট্রাভায়োলেট হিডেন সিল	কারাভ্যন্তরে ভিজিটর ও বহিরাগতদের প্রবেশের ক্ষেত্রে সাধারণ কালি দিয়ে যে সিল দেয়া হয় তা সহজে মুছে ফেলা বা কোন অসং উদ্দেশ্যে কারসাজির মাধ্যমে কারা নিরাপত্তা বিঘ্নিত করা সম্ভব।	আল্ট্রাভায়োলেট হিডেন সিল ব্যবহৃত হলে ভিজিটর/বহিরাগত এবং বন্দির নিরাপত্তা প্রদান সহজ হবে।